

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৭৪

তারিখ: ১ ফাল্গুন ১৪৩০

১৪ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং- ৩৫৬/২০২৩ (রিট পিটিশন নং-১১১৯১/২০২১ হতে উদ্ভূত) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশামাটি জেলার লংগদু উপজেলাধীন মাইনীমুখ মডেল হাই স্কুলের সহকারী শিক্ষক (কৃষি), জনাব মীর সিরাজুল ইসলাম (ইনডেক্স নং-সি৪৫০১২৮) এর বকেয়া বেতন বেতনভাতার সরকারি অংশ প্রদানের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ১১১৯১/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ১১১৯১/২০২১ মামলায় গত ২৮/১১/২০২১ তারিখে নিম্নরূপ রায় প্রদান করেন;

Pending hearing of the Rule, let operation of the impugned circulars vide Memo no. 46.045.027.08.01.0001.2011-2309 date 15.06.2011 and Memo No. 46.045.022.09.02.002.2011-857 date 04.07.2012 issued by the respondent No. 3 (Annexures-C and C-1 respectively) be stayed for a period of 06 (six) months from date.

The respondents are directed to pay the honorarium to the petitioner as Vice Charman of the Langadu Upazilla Parishad and to pay salary with arrear from the educational institution as an Assistant Teacher (Agriculture) simultaneously in accordance with law.

The Rule is made returnable within 06 (six) weeks from date.

০২। রিট পিটিশন নং-১১১৯১/২০২১ মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংস্কৃদ্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩৫৬/২০২৩ দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বিবাদী করা হয়েছে।


০৩। বর্ণিতাবস্থায়, যেহেতু কনটেম্পট পিটিশন নং-৩৫৬/২০২৩ (রিট পিটিশন নং-১১১৯১/২০২১ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) কনটেম্পট পিটিশন নং-৩৫৬/২০২৩ (রিট পিটিশন নং-১১১৯১/২০২১ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলী নিয়োগ করা;

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;

- (গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;
(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা;
(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৪-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৭৪/১(৩)

তারিখ: ১ ফাল্গুন ১৪৩০
১৪ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৪-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব